83

দৈনিক ইত্তেফাক

তারিখ 21 JAN 1995
পৃষ্ঠা ২ কলাম ৭

## ভাষাতত্ত্ব বিষয়ে ডিগ্রীধারীদের আবেদন

আমরা ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাষাতত্ত্ব বিভাগ হইতে এম, এ, পাস করা ছাত্র-ছাত্রীগণ চাকুরীর অভাবে নিদারুণ হতাশায় ভুগিতেছি। বর্তমানে দেশে এই বিষয়ের ডিগ্রীধারীদের সরকারী ও বেসরকারী কোন ক্ষেত্রেই চাকুরী প্রদান করা হইতেছে না। বাংলা ভাষাতত্ত্বের জন্য চাকুরীর কোন কোটা শিক্ষা বিভাগে না থাকাই ইহার কারণ। দেশের সরকারী ও বেসরকারী কলেজগুলিতে 'বাংলা সাহিত্য' বিষয়টিকে 'বাংলা সাহিত্য ও ভাষাতত্ত্ব' বিষয় হিসাবে চালু করা হইলে ভাষাতত্ত্ব বিষয়ের ডিগ্রীধারীদের চাকুরীর সুযোগ সৃষ্টি হইতে পারে। আরও একটি বিষয় উল্লেখ্য যে, বাংলা ভাষাতত্ত্বে এম, এ, পাস করার পরে প্রদত্ত সার্টিফিকেটে লিঙ্গুইষ্টিকস লেখা দেখিয়া ডি, ই, ও, এবং ডি, জি, কর্তৃক উহা বাংলা নয় বলিয়া প্রত্যাখ্যাত হয়। ভবিষ্যতে যেন এমনটি না হয় এবং বাংলা সাহিত্য পড়ানোর জন্য ভাষাতত্ত্ব বিভাগের ছাত্র-ছাত্রীদেরকেও নিয়োগ করা হয়, উহার ব্যবস্থা করার জন্য মাননীয় শিক্ষামন্ত্রী ও সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

—এ, জেড, এম, সালেহ্,
৬৩/১, সোনালীবাগ, বড় মগবাজার, ঢাকা-১২১৭।